# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

গোপনীয়

Bangladesh Water Development Board

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড; ঢাকা-১২০৫।
ফোনঃ ০২২২২২৩০০৭৬

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone-02222230076
dir.discipline.bwdb@gmail.com


নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১২.১৯-২৩৪

তারিখঃ ২৫-০৫-১৪২৮ বঙ্গাঃ
০৯-০৯-২০২১ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব জান্নাতুন নাহার (৮১০১০১০০১), উপ-বিভাগীয় প্রকৌশলী, ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা এর আবেদনের প্রেক্ষিতে University of New South Wales Australia তে "School of civil & Environmental Engineering in Hydrology" শীর্ষক বিষয়ে PhD প্রোগ্রামে অংশগ্রহণের জন্য কতিপয় শর্ত সাপেক্ষে পানি সম্পদ মন্ত্রণালয় এর স্মারক নং-৪২.০৩১.০২৫.০০.০০.০১৭.২০১২-৯৯ তারিখ ১৩-০২-২০১৩ খ্রিঃ মোতাবেক প্রথমে ২(দুই) বছর শিক্ষা ছুটি মঞ্জুর করা হয়। তৎপ্রেক্ষিতে ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকার দপ্তর স্মারক নং-অব-২৫২/০৫/৮৮/১(১৬) তারিখ ২০-০২-২০১৩ খ্রিঃ তারিখ (অপরাহ্নে) অব্যাহতি প্রদান করা হয়। পরবর্তীতে উক্ত কোর্স সমাপনের নিমিত্ত পানি সম্পদ মন্ত্রণালয় এর স্মারক নং-৪২.০৩১.০২৫.০০.০০.০১৭.২০১২-১১৭ তারিখ ০৪-০২-২০১৫ খ্রিঃ মোতাবেক পুনরায় কতিপয় শর্ত সাপেক্ষে আরও ২ বছর ৬(ছয়) মাস ২(দুই) সপ্তাহের ডেপুটেশন মঞ্জুর করায় ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকার দপ্তর স্মারক নং-অব-২৫২/০৫/১০০/১(১০) তারিখ ১৫-০২-২০১৫ খ্রিঃ তারিখ (অপরাহ্নে) অব্যাহতি প্রদান করা হয়। উক্ত Deputation/study leave ভোগ শেষে ০৭-০৩-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে বাপাউবোর্ডের স্বীয় কাজে যোগদান না করা সংক্রান্ত অভিযোগে অত্র দপ্তরের স্মারক নং-৪১৫পাউবো/শৃং/শা-২/অভি(ক)-২৭/২০১৯ তারিখ ১৪/১১/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে তাকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারি) চাকরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮(ক) ও (খ) মোতাবেক অভিযুক্ত করে উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২ মোতাবেক কার্যধারা সূচনা করতঃ ১০(দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হলে তিনি তার জবাব দাখিল হতে বিরত থাকেন।

২। জনাব জান্নাতুন নাহার উপ-বিভাগীয় প্রকৌশলী এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগ এবং অভিযোগের প্রেক্ষিতে তিনি জবাব দাখিল হতে বিরত থাকায় অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-১৩২-পাউবো/শৃং/শা-২/অভি(ক)-২৭/২০১৯ তারিখ ২৪/০৬/২০২০ খ্রিঃ এর মাধ্যমে আনীত অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা অভিযোগ তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক সকল রেকর্ডপত্র যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনান্তে জনাব জান্নাতুন নাহার, উপ-বিভাগীয় প্রকৌশলী এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় কর্তৃপক্ষ কর্তৃক তাঁর উপর বোর্ডের চাকরি হতে "বরখাস্ত (dismissal from service)" দন্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়। সে লক্ষ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১)(খ)(উ) মোতাবেক তার উপর বাপাউবোর্ডের চাকরি হতে বরখাস্ত দন্ড কেন চূড়ান্তভাবে আরোপ করা হবে না, এ বিষয়ে প্রবিধানমালার প্রবিধান-৫২ এর উপ-প্রবিধান ৫২(৫) ও ৫২(৬) মোতাবেক উক্ত নোটিশ এর সাথে তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি প্রেরণ করতঃ ০৭(সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১২.১৯-১১৭ তারিখ ১২-০৪-২০২১ খ্রিঃ মোতাবেক তার স্থায়ী ঠিকানায় ও দাপ্তরিক ঠিকানায় নোটিশ প্রেরণ করা হয়। এতদসত্ত্বেও তিনি জবাব দাখিল হতে বিরত থাকেন।

৪। জনাব জান্নাতুন নাহার, উপ-বিভাগীয় প্রকৌশলী এর বিরুদ্ধে তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার দপ্তর হতে অব্যহতির তারিখ অর্থাৎ ২০-০২-২০১৩ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষ কর্তৃক তাঁর উপর বোর্ডের চাকরি হতে ''বরখাস্ত (dismissal from service)'' দন্ড চূড়ান্তভাবে আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। অতএব, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব জান্নাতুন নাহার,উপ-বিভাগীয় প্রকৌশলী,ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা কে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১)(খ)(উ) মোতাবেক তার দপ্তর হতে অব্যহতির তারিখ অর্থাৎ ২০-০২-২০১৩ খ্রিঃ তারিখ হতে বোর্ডের চাকরি হতে ''বরখাস্ত (dismissal from service)'' দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৬। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

০৯/০৯/২০২১

(আব্দুল খালেক)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৩০১২০০০১

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১২.১৯-২৩৪ (৮)

তারিখঃ ২৫-০৫-১৪২৮ বঙ্গাঃ
০৯ -০৯-২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী, ডিজাইন, বাপাউবো, ঢাকা।
২। পরিচালক, কর্মচারী/হিসাবরক্ষণ/অডিট/অর্থ/প্রশিক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর/ডিজাইন সার্কেল-২,বাপাউবো,ঢাকা।
৪। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আই সি টি সেল, বাপাউবো, ঢাকা। অত্র দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬। উপপরিচালক/হিসাবরক্ষণ কর্মকর্তা, কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র/গ্রীণরোড আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৮। (ক) জনাব জান্নাতুন নাহার, উপ-বিভাগীয় প্রকৌশলী, ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা।
(খ) জনাব জান্নাতুন নাহার, প্রযত্নে আবুল হাশিম, পোঃ+থানা-রামগঞ্জ, জেলা-লক্ষ্মীপুর।

০৯/০৯/২০২১

(মোঃ নোমান ফরিদ)
উপ পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

ডায়েরী নং ৪০৮ তারিখঃ ২৩/০৯/২১
প্রোগ্রামার ১/২ জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী নথিতে পেশ করুন
সুপারি সহকারী নথিতে রাখুন
২৩/০৯/২০২১ আলোচনা করুন
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা

E/Asma/OO.Dismiss P-4